TripuraInfo.com
Tripura's first news, views & info channel

প্রেস রিলিজ

পুর ও নগর পঞ্চায়েত নির্বাচনের কারণে পিছুলো ত্রিপুরাইনফো মেগা ক্যুইজের দিনক্ষণ, ২২ নভেম্বরের পরিবর্তে প্রতিযোগিতা ২৭ ডিসেম্বর, রবীন্দ্র ভবনের বদলে অনুষ্ঠান টাউন হলে

আগরতলা, ১৪ নভেম্বর, ২০২৬

আসন্ন পুর ও নগর পঞ্চায়েত নির্বাচন এবং নির্বাচনের কারণে রাজ্যের বিভিন্ন স্কুলে পূর্বনির্ধারিত পরীক্ষার দিনক্ষণ পরিবর্তনের পরিপ্রেক্ষিতে এবছরের ত্রিপুরাইনফো মেগা ক্যুইজ প্রতিযোগিতার দিনক্ষণ ও অনুষ্ঠানস্থল পরিবর্তন করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। পূর্বনির্ধারিত ২২ নভেম্বরের পরিবর্তে আগামী ২৭ ডিসেম্বর, ২০২৬ তারিখে এবছরের মেগা ক্যুইজ প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। একই সঙ্গে প্রতিযোগিতার অনুষ্ঠানস্থলেও পরিবর্তন আনা হয়েছে। রবীন্দ্র ভবনের পরিবর্তে রাজধানীর টাউন হলে এবছরের এই মেগা ক্যুইজ প্রতিযোগিতার আয়োজন করা হবে।

ত্রিপুরার ছাত্রছাত্রীদের মধ্যে সাধারণ জ্ঞান, মেধা, বুদ্ধিমত্তা ও প্রতিযোগিতামূলক মনোভাব বিকাশের লক্ষ্যে ত্রিপুরাইনফো ডটকমের উদ্যোগে প্রতিবছর এই মেগা ক্যুইজ প্রতিযোগিতার আয়োজন করা হয়ে থাকে। রাজ্যের বিভিন্ন স্কুলের ছাত্রছাত্রীদের মধ্যে এই প্রতিযোগিতা ইতিমধ্যেই বিশেষ জনপ্রিয়তা অর্জন করেছে। এবছরও ব্যাপক উৎসাহ ও উদ্দীপনার সঙ্গে প্রতিযোগিতায় অংশগ্রহণের প্রস্তুতি নিচ্ছিলেন ছাত্রছাত্রীরা।

কিন্তু আসন্ন পুর ও নগর পঞ্চায়েত নির্বাচনকে কেন্দ্র করে রাজ্যের বিভিন্ন বিদ্যালয়ে পরীক্ষার সূচিতে পরিবর্তন হওয়ায় পূর্বনির্ধারিত ২২ নভেম্বর প্রতিযোগিতা আয়োজন করা বাস্তবসম্মত হচ্ছে না। ছাত্রছাত্রীদের পড়াশোনা ও পরীক্ষার প্রস্তুতির বিষয়টি বিবেচনায় রেখেই প্রতিযোগিতার তারিখ পিছিয়ে দেওয়ার সিদ্ধান্ত নেওয়া হয়েছে বলে ত্রিপুরাইনফো-র তরফে জানানো হয়েছে।

ত্রিপুরাইনফো কর্তৃপক্ষের পক্ষ থেকে আরও জানানো হয়েছে, ইতিমধ্যেই যেসব প্রতিযোগী এবছরের মেগা ক্যুইজে অংশগ্রহণের জন্য রেজিস্ট্রেশন সম্পন্ন করেছেন, তাঁদের নতুন করে কোনও রেজিস্ট্রেশন করতে হবে না। পূর্বে সম্পন্ন করা রেজিস্ট্রেশনই ২৭ ডিসেম্বরের প্রতিযোগিতার জন্য বৈধ থাকবে। অর্থাৎ শুধুমাত্র প্রতিযোগিতার তারিখ ও অনুষ্ঠানস্থল পরিবর্তন হয়েছে, রেজিস্ট্রেশন প্রক্রিয়ায় কোনও পরিবর্তন করা হয়নি।

প্রতিযোগিতার অন্যান্য নিয়মকানুন, যোগ্যতা, অংশগ্রহণের শর্ত এবং পূর্বঘোষিত বিধিনিষেধ আগের মতোই বহাল থাকবে। নতুন করে রেজিস্ট্রেশন করতে ইচ্ছুক প্রতিযোগীদের ক্ষেত্রেও পূর্বঘোষিত রেজিস্ট্রেশন সংক্রান্ত নিয়মাবলি অনুসরণ করতে হবে। রেজিস্ট্রেশনের দিন তারিখ বাড়িয়ে পঁচিশ ডিসেম্বর করা হয়েছে।

TRIPURAINFO.COM, HGB Road, Post Office Chaumuhuni, Agartala, Tripura (W)
Ph: +91-0381-2380566, e-mail: info@tripurainfo.com